**অতি জরুরী**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়
হজ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
website : www.hajj.gov.bd

স্মারক নং-১৬.০০.০০০০.০০৩.২৭.০০৩.১৭.২৪০

তারিখ : ১০ ফাল্গুন ১৪২৪ বঙ্গাব্দ
২২ ফেব্রুয়ারি ২০১৮ খ্রি.

বিষয় : **এজেন্সিসমূহের বিরুদ্ধে আনীত অভিযোগের প্রেক্ষিতে শুনানীঅন্তে উত্থাপিত অভিযোগ হতে অব্যাহতি প্রদান।**

২০১৭ খ্রি. সনের হজ মৌসুমে সৌদি আরবে বিভিন্ন হজ এজেন্সির বিরুদ্ধে অভিযোগ উত্থাপিত হয়। উক্ত অভিযোগসমূহ তদন্ত করে প্রতিবেদন দাখিলের জন্য সরকার ০৩ (তিন) সদস্য বিশিষ্ট কমিটি-১ গঠন করে। তদন্ত কমিটি-১ সংশ্লিষ্ট সকল হজ এজেন্সীর বক্তব্য/লিখিত বক্তব্য বা জবানবন্ধি গ্রহণ, আনীত অভিযোগ ও অভিযোগকারীর বক্তব্য বা জবানবন্ধি এবং সৌদি আরবে গঠিত তদন্ত টীম কর্তৃক দাখিলকৃত তদন্ত রিপোর্ট যাচাই-বাছাইপূর্বক প্রতিবেদন দাখিল করেছে।

০২। তৎপ্রেক্ষিতে মন্ত্রণালয় কর্তৃক গঠিত তদন্ত কমিটি-১ এর সুপারিশ মোতাবেক গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এর পক্ষে ধর্ম বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক নিম্নবর্ণিত হজ এজেন্সীকে তার/তাদেরকে উত্থাপিত/আনীত অভিযোগ হতে অব্যাহতি ইত্যাদি প্রদান করা হলো :

| ক্র.নং | হজ লাইসেন্স নম্বর | এজেন্সীর নাম, লাইসেন্স নম্বর ও ঠিকানা | মন্ত্রণালয়ের গঠিত কমিটি কর্তৃক পর্যালোচনা | মতামত/সুপারিশ |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| ১. | (HL NO-05) | Air Bangla International Ltd. Hotel Golden Inn Building, 336, Station Road, Chittagong. | এয়ার বাংলা ইন্টারন্যাশনাল (হ: লা:-০৫) এর ব্যবস্থাপনা পরিচালক জনাব পারভেজ আলম এর লিখিত বক্তব্য এবং সৌদি আরবে গঠিত তদন্ত কমিটির প্রতিবেদন পর্যালোচনা করা হলো। আনীত অভিযোগের সত্যতা পাওয়া যায়নি। | এয়ার বাংলা ইন্টারন্যাশনাল (হ: লা:-০৫)—কে অভিযোগের দায় হতে অব্যাহতি দেয়া হলো। |
| ২. | (HL NO-10) | Akbar Travels International165, (47 New) DIT Extension Road, (1st Floor), Fakirapool, Dhaka-1000. | এস.এম. তারিক, উপসচিব, মৎস ও প্রাণী সম্পদ মন্ত্রণালয় এর নিবন্ধন তথ্য যাচাইঅন্তে দেখা যায় যে, তিনি মূলত **ইউনি গ্লোব (হ: লা: ১২৭৯) এর অধীনে নিবন্ধিত হন।** উক্ত এজেন্সীর অধীনে তিনি হজে গমন করেন। সে প্রেক্ষিতে ইউনি গ্লোব (হ: লা: ১২৭৯) এর স্বত্বাধিকারী জনাব মোক্তার হোসেন এবং এ এজেন্সীর মোনাজ্জেম জনাব মামুনুর রশিদ কে শুনা হয়। অপরদিকে অভিযোগকারীকেও শুনা হয়। তাদের লিখিত বক্তব্য, শুনানীকালে মোনাজ্জেম কর্তৃক প্রদত্ত জবানবন্দি এবং সৌদি আরবে গঠিত তদন্ত কমিটির প্রতিবেদন পর্যালোচনা করা হলো। মোনাজ্জেমের বক্তব্যে দেখা যায় যে, এই লাইসেন্সটি ভাড়ায় আকবর হজ গ্রুপ কর্তৃক পরিচালিত হয়ে আসছে। জাতীয় হজ ও ওমরাহ নীতি-১৪৩৮ হিজরি (২০১৭ খ্রি.) এর অনুচ্ছেদ-২২.১.১ অনুযায়ী হজ লাইসেন্স বিক্রয়/হস্তান্তরযোগ্য নয়। সৌদি আরবে গঠিত তদন্ত কমিটি অভিযোগটি সত্য বলে তারা প্রতিবেদনে উল্লেখ করেছে।<br>সার্বিক পর্যালোচনায় অভিযোগকারী কর্তৃক আনীত অভিযোগটি সত্য বলে প্রমাণিত। তাছাড়া হজ লাইসেন্স ভাড়া/ হস্তান্তর করাও বিধি অনুযায়ী শাস্তিযোগ্য অপরাধ। | আকবর ট্রাভেলস ইন্টারন্যাশনাল (হ: লা: ১০) এর বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণিত না হওয়ায় অভিযোগ হতে অব্যাহতি দেয়া হলো। |
| ৩. | (HL No-235) | The City Travels, Afroja Plaza (B/2), Savar Bus Stand, Savar, Dhaka. | নির্ধারিত শুনানীতে এজেন্সীর স্বত্বাধিকারী এবং অভিযোগকারী উপস্থিত হন। এজেন্সীর মালিক জানান যে, ছোট কক্ষ এবং খাবারের মান ভাল না হওয়ার বিষয়ে অভিযোগ দাখিলের সময়ই তা সমাধান করা হয়েছে।<br>অন্যদিকে অভিযোগকারী শুনানীকালে জানান যে, দি সিটি ট্রাভেলস (হ: লা: ২৩৫) এর মাধ্যমে তিনি ২০১৭ সালে হজে যান। ট্রাভেলস এর মোনাজ্জেম ছিল মালিক হাফেজ নুর মোহাম্মদ। খাওয়া এবং থাকার বিষয়ে তার অভিযোগ ছিল। তার কাছ থেকে ৩,৫০,০০০/- (তিন লক্ষ পঞ্চাশ হাজার) টাকা নিয়েছিল। প্রথমে ছোট কক্ষে ছিলেন। পরবর্তীতে ভাল রুম দেয়া হয়। খাবার পরবর্তীতে ভাল হয়। আমি অভিযোগ প্রত্যাহার করেছি।<br>পর্যালোচনায় প্রতীয়মান হয় যে, থাকা এবং খাবারের বিষয়ে আনীত অভিযোগ তাৎক্ষণিকভাবেই সমাধান হয়েছে। | দি সিটি ট্রাভেলস (হ: লা: ২৩৫) এর বিরুদ্ধে আনীত অভিযোগের দায় হতে দি সিটি ট্রাভেলস (হ: লা: ২৩৫) অব্যাহতি দেয়া হলো। |
| ৪. | HL No-288) | Comilla Travels, (Shatabdi Center, Suite # 15N (15th Floor), 292 Inner Circular Road, Fakirapool, Dhaka-1000. | নির্ধারিত শুনানীতে এজেন্সীর স্বত্বাধিকারী উপস্থিত হন। কুমিল্লা ট্রাভেলস (হ: লা: ২৮৮) এর স্বত্বাধিকারি বলেন যে, অভিযোগকারী তার এজেন্সীর হজযাত্রী নন।<br>পরবর্তীতে হজযাত্রীর পাসপোর্ট নম্বর (pb0227342) যাচাই করে দেখা যায় যে, জনাব মাহবুবুল হক এস. সরদার ট্রাভেলস এজেন্সী (হ: লা: ৯১৩) এর অধীনে নিবন্ধিত হজযাত্রী। | অভিযোগকারী হাজী কুমিল্লা ট্রাভেলস (হ: লা: ২৮৮) এর নিবন্ধিত হজযাত্রী না হওয়ায় বর্ণিত অভিযোগ হতে কুমিল্লা ট্রাভেলস (হ: লা: ২৮৮)-কে অব্যাহতি দেয়া হলো। |
| ৫. | (HL No-516) | Afnan Aviation, 4, Segun Bagicha, Sajan Tower-1, (1st Floor) Room No. 204, Dhaka-1000. | নির্ধারিত শুনানীতে অভিযুক্ত এজেন্সীর স্বত্বাধিকারী জনাব মো: আশরাফুল আলম উপস্থিত ছিলেন। অভিযোগকারী জনাব মোহাম্মদ মনছুর অভিযোগ করেছেন আফনান এভিয়েশন (হ: লা: ৫১৬) এর বিরুদ্ধে। কিন্তু তিনি এ এজেন্সীর হাজী নন। অভিযোগে বর্ণিত অর্থ লেনদেনের বিষয়টি একান্ত ব্যক্তিগত যা হজ কার্যক্রমের সাথে সম্পৃক্ত নয়। অতএব অভিযোগকারীর আনীত অভিযোগের কোন সত্যতা খোজে পাওয়া যায়নি। | আফনান এভিয়েশন (হ: লা: ৫১৬) এর বিরুদ্ধে আনীত অভিযোগের সত্যতা না থাকায় উক্ত অভিযোগ হতে অব্যহতি দেয়া যেতে হলো। |
| ৬. | (HL No-547) | Shohada Travels & Tours, ¾-A, Purana Paltan, Sabbir Tower (2nd Floor), Dhaka-1000. | নির্ধারিত তারিখে অনুষ্ঠিত শুনানীতে অভিযোগকারী জনাব মোশাররফ হোসাইন এবং অভিযুক্ত এজেন্সীর মালিক মো: নজরুল ইসলাম উপস্থিত ছিলেন। এজেন্সীর মালিক তার লিখিত বক্তব্যে উল্লেখ করেন যে, তার এজেন্সীর বিরুদ্ধে রুমের এসি সংক্রান্ত যে অভিযোগটি উত্থাপিত হয়েছে; তা অভিযোগ প্রাপ্তির সাথেই সাথেই সমাধান করা হয়েছে। একইভাবে অভিযোগকারী জনাব মোশাররফ হোসাইন তার জবানবন্দিতে উল্লেখ করেন যে, ভুল বুঝাবুঝির কারণে অভিযোগ দাখিল করা হয়েছিল। পরবর্তীতে রুমের এসিসহ অন্যান্য সমস্যার সমাধান হওয়ায় তিনি তার অভিযোগ প্রত্যাহার করে নিয়েছেন। | আনীত অভিযোগ তাৎক্ষণিকভাবে সমাধান হওয়ায় এবং অভিযোগ প্রত্যাহার করে নেয়ায় সোহাদা ট্রাভেলস (হ: লা: ৫৪৭) কে উক্ত অভিযোগের দায় হতে অব্যাহতি দেয়া হলো। |
| ৭. | (HL No-576) | Abdur Rahman Travels & Tours, 123/2, B.B. Road, | নির্ধারিত দিনে অনুষ্ঠিত শুনানীতে আব্দুর রহমান হজ ট্যুরস (হ: লা: ৫৭৬) এর মালিক জনাব মো: সফিকুল ইসলাম উপস্থিত ছিলেন। তিনি লিখিত বক্তব্যে জানান যে, হাজী সাহেব কর্তৃক আনীত অভিযোগটি আমার এজেন্সীর বিরুদ্ধে নয়; বরং হোটেল কর্তৃপক্ষের বিরুদ্ধে। অন্যদিকে আনীত অভিযোগের বিষয়ে এজেন্সীর মালিকের বিরুদ্ধে এ অভিযোগের | হাজী সাহেব কর্তৃক আনীত অভিযোগটি আব্দুর রহমান হজ ট্যুরস (হ: লা: ৫৭৬) এর |



22/2/18

| ক্র.নং | হজ লাইসেন্স নম্বর | এজেন্সীর নাম, লাইসেন্স নম্বর ও ঠিকানা | মন্ত্রণালয়ের গঠিত কমিটি কর্তৃক পর্যালোচনা | মতামত/সুপারিশ |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| | | Sufia Plaza, Narayanganj-1400 | প্রেক্ষিতে হয়রানি না করার জন্য অভিযোগকারী হাজী আবেদন দিয়েছেন। | বিরুদ্ধে না হওয়ায় উক্ত অভিযোগ হতে আব্দুর রহমান হজ ট্যুরস (হ: লা: ৫৭৬) –কে অব্যাহতি দেয়া হলো। |
| ৮. | (HL No-594) | Amda Tours & Travels, 43, Shaheed Sangbadik Selina Parvin Sarak, Dhaka. | শুনানীতে এজেন্সীর মালিক এবং অভিযোগকারী উভয়ই উপস্থিত ছিলেন। পর্যালোচনায় দেখা যায় যে, অভিযোগটি সৌদি আরবে তদন্ত করা হয়েছে এবং তদন্ত কর্মকর্তাগণ তাদের প্রতিবেদনে উল্লেখ করেন যে, অভিযোগকারী হাজীর সাথে হজ গাইড এর ভুল বুঝাবুঝির কারনে অভিযোগ দায়ের করা হয়েছে। তারা এজেন্সীর মালিককে মিশনে ডেকে এনে সতর্ক করেছেন। তদন্ত টীম অভিযোগটি নথিভুক্ত করার সুপারিশ করেন। | অভিযোগটি প্রমাণিত না হওয়ায় আমদা ট্যুরস এন্ড ট্রাভেলস (হ: লা: ৫৯৪) কে আনীত অভিযোগ হতে অব্যাহতি দেয়া হলো। |
| ৯. | (HL No-648) | Al-Hayat Aviation, 44, Naya Paltan (2nd Floor), Paltan, Dhaka-1000. | নির্ধারিত দিনে অনুষ্ঠিত শুনানীতে এজেন্সীর মালিক ও মোনাজ্জেম জনাব হাফেজ আরিফ আহমদ উপস্থিত ছিলেন। তিনি লিখিত বক্তব্যে উল্লেখ করেন যে, অভিযোগকারী হিসেবে যারা অভিযোগ উথাপন করেছেন তারা সঠিক ব্যক্তি নয়। কে বা কারা উক্ত ব্যক্তিদের নাম ব্যবহার করে উক্ত অভিযোগ দাখিল করেছেন। শুনানী দিনে উল্লেখিত অভিযোগকারীগণ উপস্থিত হননি। উপস্থিত না হওয়ায় তাৎক্ষণিকভাবে মোবাইলে অভিযোগকারীদের সাথে যোগাযোগ করা হয়। যোগাযোগকালে উল্লিখিত অভিযোগকারীগণ জানান যে, এ অভিযোগ তাদের নয়। তাদের নাম ব্যবহার করে কে বা কারা এ অভিযোগ দায়ের করেছেন তা তারা জানেন না। এ বিষয়ে বাংলাদেশ হজ মিশন, মক্কায় কাউন্সেলর (হজ)-কে লিখিতভাবে জানিয়ে এসেছেন। এজেন্সীর বিরুদ্ধে তাদের কোন অভিযোগ নেই।<br>সৌদি আরবে গঠিত তদন্ত টীম তাদের প্রতিবেদনে উল্লেখ করেন যে, অভিযোগটি বাংলাদেশে নিস্পত্তির জন্য প্রেরণ করা যেতে পারে।<br>এজেন্সীর মালিকের বক্তব্য এবং অভিযোগকারীদের বক্তব্যে প্রতীয়মান হয় যে, আনীত অভিযোগটি সত্য নয়। | আল-হায়াত এভিয়েশন (হ: লা: ৬৪৮) এর বিরুদ্ধে আনীত অভিযোগটি ভুয়া হওয়ায় উক্ত অভিযোগ হতে আল-হায়াত এভিয়েশন (হ: লা: ৬৪৮)-কে অব্যাহতি দেয়া হলো। |
| ১০. | (HL No-723) | Cox's Bazar Tours & Travels. Motel Upal(Side Of Biman Office), Cox's Bazar, | নির্ধারিত শুনানীতে এজেন্সীর মালিক মো: তোফায়েল উদ্দিন চৌধুরী উপস্থিত ছিলেন। শুনানীতে তার জবানবন্ধি লিপিবদ্ধ করা হয়। জবানবন্ধিতে তিনি জানান যে, তিনি নিজে এজেন্সীর মালিক ও মোনাজ্জেম। হাজী প্রতি ৩ লক্ষ ৭০ হাজার টাকা করে নেয়া হয়েছিল। প্রথমে ফিতরা করেছিলেন। পরে স্থায়ী বাসায় হাজীগণকে রাখেন।<br>শুনানীকালে অভিযোগকারী কর্তৃক আনীত অভিযোগটি প্রত্যাহার করা হয়েছে মর্মে লিখিত আবেদন দাখিল করে।<br>সৌদি আরবে গঠিত তদন্ত টীম কর্তৃক দাখিলকৃত প্রতিবেদনে উল্লেখ করেন যে, হাজীদের হয়রানী করার অভিযোগে এজেন্সির বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে।<br>গঠিত তদন্ত টীমের প্রতিবেদনে সুনির্দিষ্ট সুপারিশ না থাকায় সৌদি আরবে অভিযোগকারী কর্তৃক আনীত অভিযোগ প্রত্যাহার করায় এজেন্সীকে অভিযোগের দায় হতে অব্যাহতি দেয়া যায়। | আনীত অভিযোগ হতে কক্সবাজার ট্যুরস এন্ড ট্রাভেলস (হ: লা: ৭২৩) কে অব্যাহতি দেয়া হলো। |
| ১১. | (HL No-1031) | Minar International Travels & Tours. East Archpur, Hazipara, Tongi, Gazipur. | নির্ধারিত দিনে অনুষ্ঠিত শুনানীতে এজেন্সী মোনাজ্জেম ও মালিক জনাব গিয়াস উদ্দিন উপস্থিত হয়ে লিখিত বক্তব্য দাখিল করেন। উক্ত বক্তব্যে তিনি উল্লেখ করেন যে, ২টি এজেন্সী সমঝোতা করে মিনার ইন্টারন্যাশনাল ট্রাভেলস এন্ড ট্যুরস (হ: লা: ১০৩১)-কে লীড এজেন্সী নির্ধারণ করা হয়। অভিযোগকারী হাজী সমঝোতাকারী এজেন্সীর হাজী। তিনি মিস গাইড হয়ে আমার এজেন্সীর বিরুদ্ধে অভিযোগ উথাপন করেছেন। উদ্ভূত সমস্যা সমাধান হয়ে যাওয়ায় অভিযোগকারী কর্তৃক অভিযোগটি প্রত্যাহার করা হয়েছে।<br>সৌদি আরবে গঠিত তদন্ত টীম কর্তৃক দাখিলকৃত প্রতিবেদনে উল্লেখ করা হয়েছে অভিযোগের আবেদনে অভিযুক্ত এজেন্সীর মালিকের এবং অভিযোগকারী বাড়ির ঠিকানা না থাকায় সরেজমিনে তদন্ত করা সম্ভব হয়নি।<br>পর্যালোচনায় দেখা যায় যে, আনীত অভিযোগটি যেহেতু সরেজমিনে পরিদর্শন না করায় ও অভিযোগসমূহ গুরুতর না হওয়ায় এবং অভিযোগকারী কর্তৃক অভিযোগ প্রত্যাহার করায় অভিযোগ হতে অব্যাহতি দেয়া যায়। | আনীত অভিযোগ হতে মিনার ইন্টারন্যাশনাল (হ: লা: ১০৩১)-কে অব্যাহিত দেয়া হলো। |
| ১২. | (HL No-1100) | Penang Travels & Tours. Concept Tower, Suite No. 4d (3rd Floor), 68-69 Biruttam A.K.M. Safiullah Road (Green Road), Dhanmondi, Dhaka-1205. | নির্ধারিত দিনে অনুষ্ঠিত শুনানীতে অভিযুক্ত এজেন্সীর মোনাজ্জেম জনাব রফিকুল ইসলাম এবং অভিযোগকারী জনাব মো: নুরুল আবসার উপস্থিত ছিলেন। অভিযোগকারী এবং অভিযুক্ত এজেন্সীর মোনাজ্জেম উভয়েই শুনানীতে জবানবন্ধি প্রদান করেন। অভিযোগকারী তার জবানবন্ধিতে জানান যে, সৌদি আরবে মিসফালাহ এলাকায় বাসা দেয়ার কথা ছিল। কিন্তু ৪ কি: মি: দূরে একটি পরিত্যক্ত বাড়ীতে রাখে। টয়লেট-বাথরুম ছিল ব্যবহারের অনুপযোগী।<br>এজেন্সীর মোনাজ্জেম জানান যে, তার এজেন্সীর বিরুদ্ধে আনীত অভিযোগ মক্কায় সরেজমিনে তদন্ত করা হয়। তদন্তকালীন সময়ে অভিযোগসমুহের কোন প্রমাণ পাওয়া যায়নি। তারা হাজীদেরকে দেয়া প্রতিশ্রুতি অনুযায়ী সেবা দিয়েছেন।<br>সৌদি আরবে গঠিত তদন্ত কমিটি কর্তৃক দাখিলকৃত প্রতিবেদনে পেনাং ট্রাভেলস এন্ড ট্যুরস, (লাইসেন্স নং- ১১০০) কে তাদের অভিযোগ থেকে অব্যাহতি প্রদানের সুপারিশ করা হয়।<br>সার্বিক পর্যালোচনায় প্রতীয়মান হয় যে, অভিযোগকারী একান্তই ব্যক্তিগত বিষয় থেকে এ অভিযোগ উথাপন করেছেন। এটি কোন সামষ্টিক অভিযোগ নয়। ফলে অভিযোগের দায় থেকে অব্যাহতি দেয়া যায়। | পেনাং ট্রাভেলস এন্ড ট্যুরস (হ: লা: ১১০০) কে আনীত অভিযোগ হতে অব্যাহতি দেয়া হলো। |
| ১৩. | .(HL N0-1101) | Perfect Travels 28/A/2, Toyenbee Circular Road, Hotel Motijheel (1st Fl.) Motijheel, Dhaka-1000. | নির্ধারিত দিনে অনুষ্ঠিত শুনানীতে অভিযুক্ত এজেন্সীর পক্ষ থেকে মো: নিজাম উদ্দিন উপস্থিত ছিলেন। অভিযোগকারী উপস্থিত হননি। এজেন্সীর পক্ষ থেকে লিখিত জবাব প্রদান করা হয়। উল্লেখ করা হয় যে, অভিযোগকারী হাজী আনীত অভিযোগ প্রত্যাহার করেছেন বিধায় অভিযোগের দায় হতে অব্যাহতি প্রদানের অনুরোধ করেছেন।<br>অভিযোগকারী অনুপস্থিত থাকায় মোবাইল ফোনে শুনা হয়। তিনি জানান যে, আনীত অভিযোগ প্রত্যাহার করেছেন।<br>সৌদি আরবে গঠিত তদন্ত টীম কর্তৃক প্রদত্ত প্রতিবেদনে উল্লিখিত অভিযোগ হতে এজেন্সি/এজেন্সির মালিককে অব্যাহতি প্রদান করা যেতে পারে মর্মে সুপারিশ প্রদান করেছে।<br>সার্বিক পর্যালোচনায় প্রতীয়মান হয় যে, আনীত অভিযোগটি যেহেতু অন্য একজন হাজী বিরুদ্ধে হওয়ায় এবং এজেন্সীর বিরুদ্ধে না হওয়ায় অভিযোগের দায় হতে এজেন্সীকে অব্যাহতি দেয়া যেতে পারে। | আনীত অভিযোগ হতে পারফেক্ট ট্রাভেলস (হ: লা: ১১০১) কে অব্যাহতি প্রদান করা হলো। |
| ১৪. | (HL NO-1133) | S.M. Farhad Air Travels, 116-117, D.I.T Extension Road, G-Net Tower, (3rd Floor), Room No. 3/A, Fakirapool, Dhaka-1000 | নির্ধারিত দিনে অনুষ্ঠিত শুনানীতে এজেন্সীর প্রতিনিধি এবং অভিযোগকারী প্রতিনিধি উপস্থিত ছিলেন। অভিযুক্ত এজেন্সীর পক্ষ থেকে শুনানীকালে জানানো হয় যে, অভিযোগকারী তার এজেন্সীর হাজী। তবে তিনি মানসিক রোগী ছিলেন। পরবর্তীতে অভিযোগকারী তার আনীত অভিযোগ প্রত্যাহার করে নিয়েছেন।<br>অভিযোগকারীর পক্ষ থেকে মো: ফরহাদ আখতার জবানবন্ধিতে বলেন যে, তার খালা (অভিযোগকারী) প্রতিবন্ধি ও মানসিক ভারসাম্যহীন হওয়ায় এ ধরণের অভিযোগ দাখিল করেছেন।<br>সৌদি আরবে গঠিত তদন্ত টীম কর্তৃক দাখিলকৃত প্রতিবেদনে মন্তব্য করেন যে, অভিযোগ ভিত্তিহীন এবং অভিযোগকারী মানিসিক সমস্যাগ্রস্থ ব্যক্তি মর্মে প্রতীয়মান হয়।<br>আরও সুপারিশ করেন যে, উল্লিখিত প্রতিষ্ঠানকে বর্ণিত অভিযোগ হতে অব্যাহতি প্রদান করা যেতে পারে।<br>সার্বিক পর্যালোচনায় প্রতীয়মান হয় যে, আনীত অভিযোগ সত্য নয় বিধায় এ অভিযোগের দায় হতে এজেন্সীকে অব্যাহতি দেয়া যায়। | আনীত অভিযোগ সত্য না হওয়ায় অভিযোগের দায় হতে এস.এম. ফরহাদ এয়ার ট্রাভেলস (হ: লা: ১১৩৩) –কে অব্যাহতি প্রদান করা হলো। |
| ১৫. | (HL NO-1136). | S.N Travels & Tours, 495/1, Anaj Tower (Flat-5/A), East Jurain, Dhaka. | নির্ধারিত দিনে অনুষ্ঠিত শুনানীতে এজেন্সীর মালিক মুহাম্মদ শাহ আলম উপস্থিত ছিলেন। অভিযুক্ত এজেন্সীর পক্ষ থেকে শুনানীকালে লিখিত বক্তব্য প্রদান করেন। বক্তব্যে জানানো হয় যে, অভিযোগকারী তার এজেন্সীর হাজী নন। তিনি আমার অপরিচিত। অভিযোগকারী শুনানীতে উপস্থিত ছিলেন না।<br>সৌদি আরবে গঠিত তদন্ত টীম কর্তৃক দাখিলকৃত প্রতিবেদনে অভিযোগটি প্রমাণিত না হওয়ায় এস.এন এজেন্সিকে অভিযোগের দায় থেকে অব্যাহতি দেয়া যেতে পারে মর্মে সুপারিশ করা হয়।<br>সার্বিক পর্যালোচনায় প্রতীয়মান হয় যে, আনীত অভিযোগ সত্য নয় বিধায় এ অভিযোগের দায় হতে এজেন্সীকে অব্যাহতি দেয়া যায়। | আনীত অভিযোগ সত্য না হওয়ায় অভিযোগের দায় হতে এস.এন. ট্রাভেলস (হ: লা: ১১৩৬) –কে অব্যাহতি প্রদান করা হলো। |



২২/২/১৮

| ক্র.নং | হজ লাইসেন্স নম্বর | এজেন্সীর নাম, লাইসেন্স নম্বর ও ঠিকানা | মন্ত্রণালয়ের গঠিত কমিটি কর্তৃক পর্যালোচনা | মতামত/সুপারিশ |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| ১৬. | (HL NO-1182) | Shanin Air International (Pvt.) Ltd. 6/2 (New), 119/3 (Old), 1st Floor Segunbagicha, Dhaka-1000. | নির্ধারিত দিনে অনুষ্ঠিত শুনানীতে এজেন্সীর পক্ষ থেকে কেহ উপস্থিত ছিলেন না। অভিযোগকারী মজিবুল হক পাটোয়ারী উপস্থিত ছিলেন। অভিযুক্তকে মোবাইল ফোনে শুনা হয়। তিনি জানান যে, এ ধরণের কোন অভিযোগ তার জানা নেই। অভিযোগকারী তার কর্তৃক উত্থাপিত অভিযোগের কোন ডকুমেন্টস (প্রমাণপত্র) দেখাতে সক্ষম হননি।<br>সৌদি আরবে গঠিত তদন্ত টীম কর্তৃক দাখিলকৃত প্রতিবেদনে অভিযোগের বিষয়ে উল্লেখ করা হয় যে, অভিযোগকারী যে এজেন্সীর বিরুদ্ধে অভিযোগ করেছেন হজ মিশন কর্তৃক প্রদেয় হালনাগাদ এজেন্সীর তালিকায় উক্ত এজেন্সীর নাম লিপিবদ্ধ নেই। এ বিষয়ে বিধি মোতাবেক পরবর্তী কার্যক্রম গ্রহণের জন্য অনুরোধ করা হয়েছে মর্মে সুপারিশ করা হয়েছে।<br>সার্বিক পর্যালোচনায় প্রতীয়মান হয় যে, আনীত অভিযোগ সত্য নয়। অর্থ লেনদেনের বিষয়টি একান্ত ব্যক্তিগত বিধায় এ অভিযোগের দায় হতে এজেন্সীকে অব্যাহতি দেয়া যায়। | আনীত অভিযোগ সত্য না হওয়ায় অভিযোগের দায় হতে সানিন এয়ার ইন্টারন্যাশনাল (হ: লা: ১১৮২) –কে অব্যাহতি প্রদান করা হলো। |
| ১৭. | (HL NO-1270) | Tisha Air Service, 55 Inner Circular Vip Road (3rd Floor), Shantinagar, Dhaka-1217 | নির্ধারিত দিনে অনুষ্ঠিত শুনানীতে অভিযুক্ত এজেন্সীর ব্যবস্থাপনা পরিচালক জনাব আবুল হাসান উপস্থিত ছিলেন। তিনি শুনানীতে লিখিত বক্তব্য প্রদান করেন। বক্তব্যে জানান যে, অভিযোগকারী হাজীগণ কর্তৃক আনীত অভিযোগ প্রত্যাহার করা হয়েছে।<br>সৌদি আরবে গঠিত তদন্ত টীম কর্তৃক দাখিলকৃত প্রতিবেদনে সুপারিশ করা হয়েছে যে, অভিযোগকারী হাজীগণ বর্তমানে ভালো আছেন জানিয়ে অভিযোগ হতে উক্ত এজেন্সিকে অব্যাহতি প্রদানের জন্য লিখিত আবেদন দাখিল করায় তিশা এয়ার সার্ভিস (লা:নং-১২৭০) কে উক্ত অভিযোগ হতে অব্যাহতি প্রদান করা যেতে পারে।<br>পর্যালোচনায় দেখা যায় যে, অভিযোগ প্রত্যাহার করায় অভিযোগের দায় হতে এজেন্সিকে অব্যাহতি দেয়া যেতে পারে। | আনীত অভিযোগ হতে তিশা এয়ার সার্ভিস (হ: লা: ১২৭০) কে আনীত অভিযোগ হতে অব্যাহতি দেয়া হলো। |
| ১৮. | (HL NO-1374) | Mim Travels International, Mega Chayanner (1st Floor-A-1), House-45, Road-27, Block-A, Banani, Dhaka-1213. | নির্ধারিত দিনে অনুষ্ঠিত শুনানীতে অভিযুক্ত এজেন্সীর মালিক জনাব আব্দুল আলিম উপস্থিত ছিলেন। তিনি শুনানীতে লিখিত বক্তব্য প্রদান করেন। বক্তব্যে জানান যে, অভিযোগকারী হাজীগণ কর্তৃক আনীত অভিযোগ প্রত্যাহার করা হয়েছে।<br>সৌদি আরবে গঠিত তদন্ত টীম কর্তৃক দাখিলকৃত প্রতিবেদনে সুপারিশ করা হয়েছে যে, অভিযোগকারী এজেন্সীর মোনাজ্জেমের অঙ্গীকারের প্রেক্ষিতে অভিযোগকারী হাজীগণ অভিযোগ প্রত্যাহার করায় উল্লিখিত অভিযোগ থেকে এজেন্সীকে অব্যাহতি প্রদান করা যেতে পারে।<br>পর্যালোচনায় দেখা যায় যে, অভিযোগ প্রত্যাহার করায় অভিযোগের দায় হতে এজেন্সিকে অব্যাহতি দেয়া যেতে পারে। | আনীত অভিযোগ হতে মিম ট্রাভেলস (হ: লা: ১৩৭৪) কে অব্যাহতি দেয়া হলো। |
| ১৯. | (HL NO-1421) | Babus Salam Sky Airways, Dar-us-Salam Arcade, Room#27 (2nd Floor) 14, purana Paltan, Dhaka. | নির্ধারিত দিনে অনুষ্ঠিত শুনানীতে অভিযুক্ত এজেন্সীর মালিক জনাব মো: হাফিজুর রহমান উপস্থিত ছিলেন। তিনি শুনানীতে লিখিত বক্তব্য প্রদান করেন। বক্তব্যে জানান যে, অভিযোগকারী হাজীগণ কর্তৃক আনীত অভিযোগ প্রত্যাহার করা হয়েছে।<br>সৌদি আরবে গঠিত তদন্ত টীম কর্তৃক দাখিলকৃত প্রতিবেদনে সুপারিশ করা হয়েছে যে, অভিযোগটি যথাযথ নয় মর্মে প্রতীয়মান হয়েছে। হয়রানি ও উদ্দেশ্য প্রণোদিতভাবে অভিযোগ দায়ের। এ বিষয়ে এজেন্সিটিকে অভিযোগ হতে অব্যাহতি প্রদান করা যেতে পারে।<br>অভিযোগটি প্রমাণিত না হওয়ায় অভিযোগের দায় হতে এজেন্সিকে অব্যাহতি দেয়া যেতে পারে। | আনীত অভিযোগ হতে বাবুস সালাম স্কাই এয়ারোয়েজ (হ: লা: ১৪২১) কে আনীত অভিযোগ হতে অব্যাহতি দেয়া হলো। |
| ২০. | (HL NO-1435) | al-aksha travels, , circuit house road, lalmonirhat. | নির্ধারিত দিনে অনুষ্ঠিত শুনানীতে অভিযুক্ত এজেন্সীর ব্যবস্থাপনা পরিচালক এবং মোনাজ্জেম জনাব মো: আব্দুস সালাম উপস্থিত ছিলেন। তিনি শুনানীতে লিখিত বক্তব্য প্রদান করেন। বক্তব্যে জানান যে, অভিযোগকারী হাজীগণ কর্তৃক আনীত অভিযোগ প্রত্যাহার করা হয়েছে।<br>সৌদি আরবে গঠিত তদন্ত টীম কর্তৃক দাখিলকৃত প্রতিবেদনে সুপারিশ করা হয়েছে যে, অভিযোগকারীদের সাথে অদ্য ১৩.০৯.২০১৭ খ্রি. তারিখ দুপুর ১.৩০ ঘটিকায় সরেজমিনে পরিদর্শনপুর্বক জানা যায় অভিযোগ প্রদানের বিষয়টি অভিমান থেকে শুরু হয়েছে। এতদসংক্রান্ত অভিযোগটি যথাযথ নয় মর্মে প্রতীয়মান হয়। হয়রানি ও উদ্দেশ্য প্রণোদিত হয়ে অভিযোগ দায়ের করেছেন (অভিযোগকারী ও অন্যান্য হাজীদের অভিযোগ প্রত্যাহারের আবেদন সংযুক্ত)। আল আকসা ট্রাভেলস (১৪৩৫) কে উক্ত অভিযোগ হতে অব্যাহতি প্রদান করা যেতে পারে।<br>পর্যালোচনায় দেখা যায় যে, অভিযোগটি প্রমাণিত না হওয়ায় অভিযোগের দায় হতে এজেন্সিকে অব্যাহতি দেয়া যেতে পারে। | আনীত অভিযোগ হতে আল আকসা ট্রাভেলস (হ: লা: ১৪৩৫)-কে অব্যাহতি দেয়া হলো। |
| ২১. | (HL NO-1470) | Akbar Travels Stadium Super Market (1st Floor), Airport Road, Rajshahi | এস.এম. তারিক, উপসচিব, মৎস ও প্রাণী সম্পদ মন্ত্রণালয় এর নিবন্ধন তথ্য যাচাইঅন্তে দেখা যায় যে, তিনি মূলত ইউনি গ্লোব (হ: লা: ১২৭৯) এর অধীনে নিবন্ধিত হন। উক্ত এজেন্সীর অধীনে তিনি হজে গমন করেন। সে প্রেক্ষিতে ইউনি গ্লোব (হ: লা: ১২৭৯) এর স্বত্বাধিকারী জনাব মোক্তার হোসেন এবং এ এজেন্সীর মোনাজ্জেম জনাব মামুনুর রশিদ কে শুনা হয়। অপরদিকে অভিযোগকারীকেও শুনা হয়। তাদের লিখিত বক্তব্য, শুনানীকালে মোনাজ্জেম কর্তৃক প্রদত্ত জবানবন্দি এবং সৌদি আরবে গঠিত তদন্ত কমিটির প্রতিবেদন পর্যালোচনা করা হলো। মোনাজ্জেমের বক্তব্যে দেখা যায় যে, এই লাইসেন্সটি ভাড়ায় আকবর হজ গ্রুপ কর্তৃক পরিচালিত হয়ে আসছে। জাতীয় হজ ও ওমরাহ নীতি-১৪৩৮ হিজরি (২০১৭ খ্রি.) এর অনুচ্ছেদ-২২.১.১ অনুযায়ী হজ লাইসেন্স বিক্রয়/হস্তান্তরযোগ্য নয়। সৌদি আরবে গঠিত তদন্ত কমিটি অভিযোগটি সত্য বলে তারা প্রতিবেদনে উল্লেখ করেছে।<br>সার্বিক পর্যালোচনায় অভিযোগকারী কর্তৃক আনীত অভিযোগটি সত্য বলে প্রমাণিত। তাছাড়া হজ লাইসেন্স ভাড়া/ হস্তান্তর করাও বিধি অনুযায়ী শাস্তিযোগ্য অপরাধ। | আকবর হজ এজেন্সী (হ: লা: ১৪৭০) এর বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণিত না হওয়ায় অভিযোগ হতে অব্যাহতি দেয়া হলো। |

০৪। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারী করা হলো এবং ইহা অবিলম্বে কার্যকর হবে।

২২/০২/১৮


(মো: শরাফত জামান)
উপসচিব (হজ)
ফোন : ৯৫৭৬৩৪৯
e-mail : morahajsection@gmail.com


স্বত্বাধিকারী/ব্যবস্থাপক/ব্যবস্থাপনা অংশিদার

.............................................................এজেন্সি।

স্মারক নং-১৬.০০.০০০০.০০৩.২৭.০০৩.১৭.২৪০

তারিখ : ১০ ফাল্গুন ১৪২৪ বঙ্গাব্দ
২২ ফেব্রুয়ারি ২০১৮ খ্রি.

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে :

১. সচিব, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. কাউন্সেলর (হজ), বাংলাদেশ হজ অফিস, জেদ্দা, সৌদি আরব।
৩. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৪. পরিচালক, হজ অফিস, আশকোনা, বিমানবন্দর, ঢাকা
৫. ভারপ্রাপ্ত সচিবের একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬. সিস্টেম এনালিষ্ট, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭. ব্যবস্থাপক ..........................................................................................................(সংশ্লিষ্ট ব্যাংক)।
৮. সভাপতি/মহাসচিব, হজ এজেন্সীজ এসোসিয়েশন অব বাংলাদেশ (হাব), সাত্তারা সেন্টার, ৩০/এ, নয়া পল্টন, ভিআইপি রোড, ঢাকা।
৯. ব্যবস্থাপনা পরিচালক, বিজনেস অটোমেশন লি: (পত্রটি www.hajj.gov.bd-তে প্রকাশের অনুরোধসহ)।
১০. যুগ্মসচিব (হজ) এর ব্যক্তিগত কর্মকর্তা, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১১. অফিস কপি।

২২/০৫/১৮

(মো: শরাফত জামান)
উপসচিব (হজ)।